



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।



বিজ্ঞপ্তি

সম্প্রতি বিশ্বব্যাপী করোনা ভাইরাসের আক্রমণ মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশও উক্ত ভাইরাসের আক্রমণ থেকে বিচছিন্ন নয়। এই পরিস্থিতিতে শিক্ষা-প্রতিষ্ঠাসমূহ বন্ধ রাখার বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তের আলোকে এই বিশ্ববিদ্যালয়ও বন্ধ রাখা সম্পর্কে ১৬-০৩-২০২০ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরী সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

- (১) ১৮-০৩-২০২০ তারিখ হতে ০২-০৪-২০২০ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস, পরীক্ষা (উইকএন্ড প্রোগ্রামসহ) এবং জাবি স্কুল ও কলেজ বন্ধ থাকবে।
- (২) ১৯-০৩-২০২০ তারিখ সকাল ১১:০০ টার মধ্যে হল ত্যাগ করার জন্য সকল ছাত্র-ছাত্রীকে নির্দেশ দেয়া হলো।
- (৩) ২২-০৩-২০২০ তারিখ হতে ০২-০৪-২০২০ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ বন্ধ থাকবে। তবে মেডিক্যাল সেন্টারসহ জরুরি সার্ভিসসমূহের অফিসগুলো খোলা থাকবে।
- (৪) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৫) এই সময়কালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাসকারীদের নিকট অতিথি আগমন নিরুৎসাহিত করা হলো। এ বিষয়ে ক্যাম্পাসবাসীদের সার্বিক সহযোগিতা কামনা করা হচ্ছে।
- (৬) পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ক্যাম্পাসে দর্শনার্থীদের প্রবেশ এবং সকল ধরনের অনুষ্ঠান ও জমায়েত নিষিদ্ধ করা হলো।
- (৭) ২০-০৩-২০২০ তারিখ থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা গেইট ব্যতীত অন্য সকল গেইট বন্ধ থাকবে।
- (৮) শিক্ষক ও কর্মকর্তাদের মার্চ, ২০২০ মাসের বেতন যথারীতি অগ্রণী ব্যাংক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখায় জমা হবে। কর্মচারীদের মার্চ, ২০২০ মাসের বেতনের জন্য ০১-০৪-২০২০ তারিখ (বুধবার) সকল অফিস, বিভাগ ও হল খোলা থাকবে।

সিন্ডিকেট সভায় এই বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা কর্মচারিসহ দেশবাসীর সুস্থতা কামনা করা হয়।

স্বাক্ষর/-রহিমা কানিজ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)



19 March, 2020

**Master of Arts Programme (Weekend)
Trimester: Spring 2020**

NOTICE

As per the decision taken by the university authority (Circular No: রেজি/সাঃপ্রঃ/৬৩৯০(৫০০), dated: 16 March 2020), all classes and other academic activities will remain suspended till 02 April, 2020.

A handwritten signature in blue ink, appearing to read 'Ahmed Reza', with the date '19/03/2020' written below it.

Professor Ahmed Reza
Coordinator
MAPW